

ভিকারুনিসা বিশ্ববিদ্যালয় আপনাআপনি বিলুপ্ত হবে। শিক্ষামন্ত্রী

সংসদ রিপোর্টার ॥ ভিকারুনিসা নূন মহিলা বিশ্ববিদ্যালয় অবৈধ ও বেআইনীভাবে স্থাপন করা হয়েছে বলে অভিযোগ করে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বুধবার সংসদে বলেছেন, সে কারণে এটি আপনাআপনিই বিলুপ্ত হবে, সরকার এই প্রতিষ্ঠানটি বন্ধ করেনি।

সরকার রাজনৈতিক কারণে দেশের একমাত্র এই মহিলা
(২- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

ভিকারুনিসা বিশ্ববিদ্যালয়

(৮-এর পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়টি বন্ধ করে দিয়েছে বলে বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা মঙ্গলবার যে অভিযোগ করেছিলেন তার পরিপ্রেক্ষিতে বুধবার সংসদে দেয়া বিবৃতিতে শিক্ষামন্ত্রী বলেন, এই প্রতিষ্ঠানটির ব্যাপারে অনেক অভিযোগ পরিবেশের দুটো তদন্ত কমিটি গঠন করা

হয়েছিল এবং দুই কমিটিই বেআইনী কার্যক্রমের প্রমাণ পেয়েছে।

তিনি বলেন, ভিকারুনিসা স্কুল ও কলেজের ৭ একর জমির মধ্যে ৩ দশমিক ৩ একর জমি ওই বিশ্ববিদ্যালয়ের জন্য নামমাত্র দামে কিনে নেয়া হয়েছিল, কলেজের তহবিল থেকে ৫ কোটি টাকা নিয়ে আমানত দেখানো হয়েছিল, কলেজের ফিল্ড ডিপোজিটের টাকা তুলে বেসরকারী 'প্রিমিয়ার ব্যাংক'-এ রাখা হয়েছিল বিশ্ববিদ্যালয়ের ফাউন্ডেশনের নামে। এই সব কার্যক্রমকেই অবৈধ বলে উল্লেখ করে শিক্ষামন্ত্রী জানান, ফাউন্ডেশনের ৫ সদস্য ইতোমধ্যে পদত্যাগ করেছেন, এর রেজিস্ট্রেশনও বাতিল হয়ে গেছে, ফলে এটি এখন বিলুপ্ত একটি প্রতিষ্ঠান।

শিক্ষামন্ত্রী মন্তব্য করেন, ধর্মের ঢোল যেমনি আপনি বাজে তেমনি অবৈধ কার্যক্রমের কারণেই ভিকারুনিসা বিশ্ববিদ্যালয় আপনাআপনি বিলুপ্ত হবে, এ ক্ষেত্রে সরকারের কিছুই করতে হবে না।